

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ৩, ২০২৬

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
প্রজ্ঞাপন

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/১৫ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ৩৪৭/এফআরসি/প্রশাঃপ্রজ্ঞাপন/২০২৫/১০৩০—যেহেতু, বাংলাদেশে ব্যাংকিং কার্যক্রম পরিচালনাকারী ব্যাংকসমূহের জন্য ব্যাংক-কোম্পানী বহিঃ নিরীক্ষণ বিধিমালা, ২০২৪ অনুসরণে বহিঃনিরীক্ষণের ক্ষেত্রে নিরীক্ষা ফি নির্ধারণ করা প্রয়োজন এবং

যেহেতু, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ মোতাবেক হিসাবরক্ষণ ও নিরীক্ষা পেশার গুণগত মান উন্নতকরণ, তালিকাভুক্ত নিরীক্ষকদের হিসাবরক্ষণ ও নিরীক্ষা কাজের সর্বোচ্চ মান নিশ্চিতকরণ, হিসাবরক্ষণ ও নিরীক্ষার পেশাগত কার্যক্রমের সততা, স্বচ্ছতা নিশ্চিতকরণ, সক্ষমতা বৃদ্ধিতে সহযোগিতা প্রদান, এবং আর্থিক ও অ-আর্থিক তথ্যের উচ্চমান সম্পন্ন প্রতিবেদন প্রস্তুতে উদ্বুদ্ধকরণ কাউন্সিলের সাধারণ উদ্দেশ্যে অন্তর্ভুক্ত।

সেহেতু, আইনের ধারা ৮(খ) তে প্রদত্ত ক্ষমতাবলে ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক, অংশীজনদের মতামতের ভিত্তিতে, ব্যাংক- কোম্পানী বহিঃ নিরীক্ষণ বিধিমালা, ২০২৪ অনুসরণে বহিঃনিরীক্ষণের ক্ষেত্রে বাংলাদেশে ব্যাংকিং কার্যক্রম পরিচালনাকারী ব্যাংকসমূহের জন্য শর্ত সাপেক্ষে নিম্নরূপ নিরীক্ষা ফি ধার্য করা হইল:

১. ব্যাংক কোম্পানী বহিঃনিরীক্ষা ফি গণনা শিডিউল :

জনবলের শ্রেণি	ঘণ্টা প্রতি হার (টাকা)	মাসিক ভাতা (টাকা)	মোট সম্পদ বা মোট ঝুঁকিভিত্তিক সম্পদ (কোটি টাকা)	কর্ম-ঘণ্টা
এনগেজমেন্ট পার্টনার (সিএ)	২,৮৪১	৫,০০,০০০	≤ ১০,০০০	৪,৫০০
রিভিউ পার্টনার (সিএ)	২,২৭৩	৪,০০,০০০	১০,০০১,-২৫,০০০	৫,৫০০
অডিট ডিরেক্টর/ম্যানেজার (সিএ)	১,৭০৫	৩,০০,০০০	২৫,০০১-৪০,০০০	৭,০০০
অডিট সুপারভাইজার	৫৬৮	১,০০,০০০	৪০,০০১-৭০,০০০	৯,০০০
অডিট ইন-চার্জ	৫৬৮	১,০০,০০০	৭০,০০১-১,০০,০০০	১৩,০০০

(১৮৩২৭)

মূল্য : টাকা ৪.০০

জনবলের শ্রেণি	ঘণ্টা প্রতি হার (টাকা)	মাসিক ভাতা (টাকা)	মোট সম্পদ বা মোট ঝুঁকিভিত্তিক সম্পদ (কোটি টাকা)	কর্ম-ঘণ্টা
অডিট স্টাফ (৩য় বর্ষের ছাত্র)	১৭০	৩০,০০০	১,০০,০০১-১,৫০,০০০	১৭,০০০
অডিট স্টাফ (২য় বর্ষের ছাত্র)	১৪২	২৫,০০০	>১,৫০,০০০	২২,০০০
অডিট স্টাফ (১ম বর্ষের ছাত্র)	১১৪	২০,০০০	-	-
টেকনিক্যাল স্টাফ	৫৬৮	১,০০,০০০	-	-

২. মোট সম্পদ বা মোট ঝুঁকিভিত্তিক সম্পদের রেঞ্জ (কোটি টাকায়) ভিত্তিক মোট নিরীক্ষা ফি (টাকায়):

জনবলের শ্রেণি	মোট সম্পদ বা মোট ঝুঁকিভিত্তিক সম্পদের রেঞ্জ						
	≤ ১০,০০০	১০,০০১ - ২৫,০০০	২৫,০০১ - ৪০,০০০	৪০,০০১ - ৭০,০০০	৭০,০০১ - ১,০০,০০০	১,০০,০০১ - ১,৫০,০০০	> ১,৫০,০০০
এনগেজমেন্ট পার্টনার (সিএ)	২,৮৯,০৮৭	৩,৫৩,৩২৯	৪,৪৯,৬৯২	৫,৭৮,১৭৫	৮,৩৫,১৪২	১০,৯২,১০৮	১৪,১৩,৩১৭
রিভিউ পার্টনার (সিএ)	৬৯,৩৮১	৮৪,৭৯৯	১,০৭,৯২৬	১,৩৮,৭৬২	২,০০,৪৩৪	২,৬২,১০৬	৩,৩৯,১৯৬
অডিট ডিরেক্টর/ম্যানেজার (সিএ)	২,৩১,২৭০	২,৮২,৬৬৩	৩,৫৯,৭৫৩	৪,৬২,৫৪০	৬,৬৮,১১৩	৮,৭৩,৬৮৭	১১,৩০,৬৫৩
অডিট সুপারভাইজার	১,১৫,৬৩৫	১,৪১,৩৩২	১,৭৯,৮৭৭	২,৩১,২৭০	৩,৩৪,০৫৭	৪,৩৬,৮৪৩	৫,৬৫,৩২৭
অডিট ইন-চার্জ	১,৬০,৬০৪	১,৯৬,২৯৪	২,৪৯,৮২৯	৩,২১,২০৮	৪,৬৩,৯৬৮	৬,০৬,৭২৭	৭,৮৫,১৭৬
অডিট স্টাফ (৩য় বর্ষের ছাত্র)	২,৪১,০৯৯	২,৯৪,৬৭৭	৩,৭৫,০৪৩	৪,৮২,১৯৮	৬,৯৬,৫০৮	৯,১০,৮২৮	১১,৭৮,৭০৬
অডিট স্টাফ (২য় বর্ষের ছাত্র)	১,৭৬,৮২৫	২,১৬,১২০	২,৭৫,০৬১	৩,৫৩,৬৫০	৫,১০,৮২৮	৬,৬৮,০০৬	৮,৬৪,৪৭৯
অডিট স্টাফ (১ম বর্ষের ছাত্র)	১,১৫,৬৩৫	১,৪১,৩৩২	১,৭৯,৮৭৭	২,৩১,২৭০	৩,৩৪,০৫৭	৪,৩৬,৮৪৩	৫,৬৫,৩২৭
টেকনিক্যাল স্টাফ	৩৯,১৮৭	৪৭,৮৯৬	৬০,৯৫৮	৭৮,৩৭৫	১,১৩,২০৮	১,৪৮,০৪১	১,৯১,৫৮৩
মোট নিরীক্ষা ফি (টাকায়)	১৪,৩৮,৭২৪	১৭,৫৮,৪৪১	২২,৩৮,০১৫	২৮,৭৭,৪৪৮	৪১,৫৬,৩১৪	৫৪,৩৫,১৮০	৭০,৩৩,৭৬৩
কর্ম-ঘণ্টা	৪,৫০০	৫,৫০০	৭,০০০	৯,০০০	১৩,০০০	১৭,০০০	২২,০০০

সংশোধিত শর্তসমূহ:

- প্রয়োজনের নিরিখে সময়ে সময়ে ব্যাংক বহিঃনিরীক্ষা ফি পুনঃনির্ধারণ করা যাইতে পারে;
- উক্ত বহিঃনিরীক্ষা ফি শিডিউল একটি বেসিক গাইডলাইন হিসাবে বিবেচিত হইবে; প্রয়োজনের নিরিখে বেসিক গাইডলাইনের বাহিরে ফি নির্ধারণের ক্ষেত্রে তাহা নিরীক্ষক/নিরীক্ষা ফার্ম এবং নিরীক্ষা সেবা গ্রহীতা উভয়ের পারস্পরিক গ্রহণযোগ্য সমঝোতার ভিত্তিতে হইতে হইবে এবং উক্ত সমঝোতায় নির্ধারিত ফি উভয়পক্ষ লিখিত ভাবে ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলকে অবহিত করিবে; এবং
- ধার্যকৃত বহিঃনিরীক্ষা ফি ২০২৫-২০২৬ অর্থবছর হইতে কার্যকর হইবে।

কাউন্সিলের আদেশক্রমে

ড. মোঃ সাজ্জাদ হোসেন ভূইয়া  
চেয়ারম্যান  
ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd